# বেঙ্গল অলিম্পিক অ্যাসোসিয়েশনের শতবর্ষের সমাপ্তি অনুষ্ঠানে বিতর্ক

## দেখা মিলল না ক্রীড়া প্রতিমন্ত্রী থেকে একাধিক প্রাক্তন খেলোয়াড়দের



**অনির্বান গঙ্গোপাধ্যায় ও শম্ভুনাথ ভৌমিক**

বিওএর শতবর্ষের সমাপ্তি অনুষ্ঠানে বিতর্ক। বেঙ্গল অলিম্পিক অ্যাসোসিয়েশনের অনুষ্ঠান। সেখানে বাজতে দেখা গেল কেকেআরের থিম সং ,আর বাংলা গান হাতে গোনা। সিংহভাগ চটুল হিন্দি গান। ক্রীড়াবিদদের অনুষ্ঠানে ঊষা উত্থুপ ধরলেন, দম মারো দম। নাচাগানার পর মনে পড়ল প্রদীপ প্রজ্জ্বলনের কথা।শুধু তাই নয় দেদার বিলানো হলো বিওএর টি শার্ট। কেউ পরলেন। কেউ আবার সেটির সঙ্গে খাবারের প্যাকেট নিয়ে নেচে ঘেমে-নেয়ে ধরলেন বাড়ির পথ। নেতাজি ইন্ডোর কানায় কানায় ভর্তি এদিন ,দেখে মনে হল বাংলার ক্রীড়া জগতের মুখ উজ্জ্বল। কিন্তু ও হরি একটু খোঁজ নিতেই বেরিয়ে পড়ল আসল রহস্য। বাংলায় প্রচুর ক্রীড়াবিদ দেখাতে ইন্ডোর ভরাতে লোক ধরে আনা হয়েছে টালিগঞ্জ থেকে। কয়েকজন যুবক কে জিজ্ঞাসা করা হলে তারা বলেন তারা হাওড়া ইউনিয়নে সাইকেলিং করেন। কিন্তু খোঁজ নিয়ে দেখা গেল হাওড়া ইউনিয়নে সাইকেলিং বিভাগই নেই। একটু চাপ দিতেই তারা স্বীকার করলেন তৃণমূলের যে কোনো মিছিল ভরাতে যান তারা। টিশার্ট ও বিরিয়ানির লোভ দেখিয়ে মন্ত্রী অরুপ বিশ্বাসের ভাই স্বরূপ বিশ্বাস তাদের এখানে এনেছেন। স্বরূপ বিশ্বাস আবার এবারের স্টেট গেমসের চেয়ারম্যান।অন্যদিকে জাতীয় গেমসে পদকজয়ীদের অনেকেই আসেননি। তাঁদের সংবর্ধনার সময় ফাঁকা নেতাজি ইনডোর। এমনকী ক্রীড়ামন্ত্রী অরূপ বিশ্বাস যখন দামি কথা বলছেন তখন দর্শকাসন অনেক ফাঁকা। অরূপ বিশ্বাস বললেন, জাতীয় গেমসে পদকের নিরিখে ১৮ থেকে আটে এসেছি ভালো কথা। কিন্তু বিওএর ২৪টি ক্রীড়া সংস্থা পদক পায়নি। এমনটা চলতে পারে না। সরকার একেকটি খেলার জন্য অফিসার রেখেছে। তাঁরা ২৪ ঘণ্টা সজাগ থাকেন। তারপরেও কেন পদক আসবে না? এক নম্বর জায়গা দখলে সবাইকে ভালো করতে হবে। বিওএ বৈঠক করে খতিয়ে দেখুক।রাজ্য গেমসের উদ্বোধনী অনুষ্ঠানে মন্ত্রী অরূপ বিশ্বাস, সুজিত বসু থাকলেও কার্ডে নাম ছিল না ক্রীড়া প্রতিমন্ত্রী মনোজ তিওয়ারির! এমনটা কেন হলো? জানেন না বিওএর কর্তা ব্যাক্তিরা।মনোজ তিওয়ারিকে ফোন করা হলে তিনি একদিনকে জানান তার অফিসে কেউ কার্ড দিয়ে গেছে কিন্তু ব্যাক্তিগত ভাবে কেউ তাকে আমন্ত্রণ করেন নি। বিওএর প্রাক্তন সভাপতি বাবুন বন্দ্যোপাধ্যায় এলেও তাঁকে মঞ্চে ডেকে সৌজন্য দেখানো যেত। বিওএর শতবর্ষের সূচনা হয়েছিল তাঁর সময়েই।কিন্তু সৌজন্যের সেই ছবিটা দেখা গেল না এদিনের অনুষ্ঠানে। বিওএতে বদল এসেছে। কিন্তু আইএফএতে কল্কে না পাওয়া স্বরূপ বিশ্বাস রাজ্য গেমসের চেয়ারম্যান হয়ে নিজেকে বিরাট কিছু ভাবছেন। সাংবাদিকদের সঙ্গে দুর্ব্যবহার করতেও পিছপা হন না। খেলার অনুষ্ঠানে বিরক্তিকর নাচা-গানা। টলিউডের নৃত্যশিল্পী এনে সস্তা চমকের চেষ্টা।সাংবাদিকদের জন্য ন্যূনতম বসার বন্দোবস্ত ছিল না। পদকজয়ীদের রিসিভ করার কেউ ছিলেন না। খাবারের প্যাকেট থেকে যাতায়াতের খরচ পেলেন না পদকজয়ীরা। বিওএর লোকজন বলেন, তথাকথিত ছোট খেলা মিডিয়া কভারেজ ঠিকভাবে পায় না। কিন্তু বেঙ্গল অলিম্পিক অ্যাসোসিয়েশনের সভাপতি চন্দন রায় চৌধুরী , সচীব জহর দাস ,সহ সভাপতি বিশ্বরূপ দে ,সহ সভাপতি দিলীপ পালিতরা চেষ্টা করলেও বিওএ সার্বিক ভাবে কতটা অপদার্থ বোঝা গেল এদিনের অনুষ্ঠানে।এক প্রবীণ ক্রীড়া সংগঠক বললেন, স্বরূপদের হাতে বিওএর অন্তর্জলি যাত্রা ত্বরান্বিত হবে। এদিন জানা গেল এক প্রতিভাবান ক্রীড়াবিদ ভিনরাজ্যের হয়ে প্রতিনিধিত্ব করবেন। যেখানে বিওএ এখন খেলাকে পিছনে ফেলে নাচা গানায় ডুবে সেখানে এটাই অবশ্য স্বাভাবিক। বিওএ সাংবাদিকদের ডাকে, কিন্তু ন্যূনতম সম্মান দিতে জানেন না স্বরূপরা। অপেশাদারিত্ব কতটা? যোগাসনে পদকজয়ীদের ট্র্যাকস্যুট পর্যন্ত এদিন দিতে পারেনি বিওএ। ফলে আমরা-ওরা করতে গিয়ে খেলার কপালে চন্দন পরিয়ে বাংলার ক্রীড়াক্ষেত্রকে মৃত্যুমুখে ঠেলা হচ্ছে, ক্রমশ ইগো, হিংসায় প্রকাশ পাচ্ছে বিওএর স্বরূপ।

# পাঁচ উইকেটে জিতে প্রতিশোধ গোয়েনকার লখনউয়ের



**নিজস্ব প্রতিবেদন** গত বারের আইপিএলে হায়দরাবাদের মাঠে সানরাইজার্সের কাছে ১০ উইকেটে পর্যুদস্ত হয়েছিল লখনউ। ম্যাচের পর মাঠেই তৎকালীন অধিনায়ক কেএল রাহুলকে বকাঝকা করেছিলেন লখনউ মালিক সঞ্জীব গোয়েন্‌কা। সেই ঘটনার পরই লখনউয়ের সঙ্গে রাহুলের বিচ্ছেদ প্রায় পাকা হয়ে গিয়েছিল। তাই হয়েছে।

বছর ঘোরার পর সেই মাঠেই হায়দরাবাদকে হারিয়ে 'প্রতিশোধ' নিল সঞ্জীব গোয়েন্‌কার দল। সেই জয়ে অবদান রাখলেন শার্দূল ঠাকুর এবং নিকোলাস পুরান। প্রথম জন বল হাতে ৩৪ রানে ৪ উইকেট নিলেন। দ্বিতীয় জন ২৬ বলে ৭০ রান করে জয়ের ভিত গড়ে দিলেন। আগে ব্যাট করে হায়দরাবাদের তোলা ১৯০/৯ স্কোর লখনউ তুলে দিল ২৩ বল বাকি থাকতে। পাঁচ উইকেটে জিতল তারা। এই আইপিএলে এটাই তাদের প্রথম জয়।

বৃহস্পতিবার টসে জিতে লখনউ অধিনায়ক ঋষভ পন্থ আগে বল করার সিদ্ধান্ত নেওয়ায় অনেকেই ভেবেছিলেন হায়দরাবাদ ৩০০ তুলে ফেলবে। যে দল আগের ম্যাচে ২৮৬ তুলেছে, যে দলে ট্রেভিস হেড, অভিষেক শর্মা, ঈশান কিশনের মতো ব্যাটার রয়েছে, তাদের থেকে এমন আশা করা অন্যায়ও নয়। তবে ২০০-ও তুলতে পারেনি হায়দরাবাদ।

প্রথম ওভারে শার্দূল মাত্র ছ'রান দেন। দ্বিতীয় ওভারে আবেশ খান দেন ন'রান। হায়দরাবাদের সমর্থকেরা তখন ছয় চাইছিলেন। সেই ইচ্ছাপূরণের আগেই ফেরেন অভিষেক। শার্দূলের বলে পুল মারতে গিয়ে ক্যাচ দেন পুরানের হাতে। পরের বলে ফিরে যান ঈশানও। লেগ সাইডে যে বল ছাড়লেই ওয়াইড হয়, সেটি তাঁর গ্লাভসে লেগে উইকেটরক্ষক পন্থের হাতে জমা পড়ে।

শার্দূলের হ্যাটট্রিক বাঁচানোর দায়িত্ব ছিল নীতীশের উপরে। কোনও মতে সেটি বাঁচান তিনি। ইয়র্কার বল মিড অনে ঠেলে রান নেন। দলের দুই বিধ্বংসী ব্যাটার ফিরলেও থামানো যাচ্ছিল না হেডকে। আবেশের একটি ওভারে দু'টি ছয় এবং একটি চার মারেন। পাঁচ ওভারে ৫৪ উঠে যাওয়ার পর পন্থ বোলিংয়ে আনেন রবি বিশ্নোইকে।

# রিয়াল মাদ্রিদকে হারিয়ে সেমিতে আর্সেনাল



**নিজস্ব প্রতিবেদন, এমিরেটস, ২৭ মার্চ:** উয়েফা মহিলা চ্যাম্পিয়নস লিগের কোয়ার্টার ফাইনালের প্রথম লেগে আর্সেনালকে ২-০ গোলে হারিয়েছিল রিয়াল মাদ্রিদের মেয়েরা। বুধবার রাতে ফিরতি লেগে আর্সেনালের মেয়েরা দুর্দান্তভাবে ফিরল। সেমিতে উঠতে হলে আর্সেনালের মেয়েদের রিয়াল মাদ্রিদের প্রথম লেগের দুই গোলের ঘাটতি মিটিয়ে আরও এক গোল করতে হত। অসম্ভব সেই কাজটি করলেন আর্সেনালের মেয়েরা।

এমিরেটস স্টেডিয়ামে বুধবার রাতে আর্সেনালের মেয়েরা রিয়াল মাদ্রিদকে ৩ গোলের ব্যবধানেই হারিয়েছে। দুই লেগ মিলিয়ে রিয়ালের বিপক্ষে ৩-২ গোলের জয়ে সেমিফাইনালে পৌঁছে গেল আর্সেনাল। আর্সেনালের হয়ে জোড়া গোল করেন অ্যালেসিয়া রুসো। অন্যটি করেন মারিওনা ক্যালাডেন্টি। সেমিফাইনালে আর্সেনাল মুখোমুখি হবে ৮ বারের চ্যাম্পিয়নস লিগ জয়ী ফরাসী ক্লাব লিওঁর। যারা বুধবার রাতেই ৪-১ গোলে বায়ার্ন মিউনিখকে উড়িয়ে দিয়ে সেমিফাইনালে গেছে। গত বছর ফাইনালে বার্সেলোনা লিওঁকে হারিয়েছিল।

**E-TENDER**
E- Tenders are invited by the Prodhan, **Karimpur- I Gram Panchayat** (Under Karimpur- I Panchayat Samity), Karimpur, Nadia. **NIET No. E-11/KGP-I/2024-25(3rd Call).** Last date of submission **08.04.2025 up to 3p.m.** For details please contact to the office or visit www.wbtenders.gov.in
**Sd/- Prodhan,**
**Karimpur- I Gram Panchayat.**

শ্রেণীবদ্ধ বিজ্ঞাপনের জন্য যোগাযোগ করুন-মোঃ ৯৮৩১৯১৯৭৯১

OFFICE OF THE
**BANNYESWAR GRAM PANCHAYAT**
**BANNYESWAR.P.O- D.SABITRI**
**DIST:- MURSHIDABAD**
**UNDER SAGARDIGHI**
**DEVELOPMENT BLOCK**
e –Tender are invalid through online Bid System under following. **1) NIeT NO:- 21/BANNYESWAR GP/15th CFC/2024-25, DATE:-26.03.2025**. The last date for online submission of all tender is **02.04.2025 up to 14:00hours**
For details please visit web site htpp:// wbtenders.gov.in as office notice.
**Sd/-Prodhan**
**Bannyeswar Gram Panchayat.**

OFFICE OF THE
**BANNYESWAR GRAM PANCHAYAT**
**BANNYESWAR.P.O- D.SABITRI**
**DIST:- MURSHIDABAD**
**UNDER SAGARDIGHI**
**DEVELOPMENT BLOCK**
e –Tender are invalid through online Bid System under following. **1) NIeT NO:- 22/BANNYESWAR GP/15th CFC/2024-25, DATE:-26.03.2025**. The last date for online submission of all tender is **02.04.2025 up to 14:00hours**. For details please visit web site htpp:// wbtenders.gov.in as office notice.
**Sd/- Prodhan**
**Bannyeswar Gram Panchayat.**

# ২০২৬ সালের এএফসি মহিলা এশিয়ান কাপের বাছাইপর্বে ভারতের গ্রুপের নাম ঘোষণা

**নিজস্ব প্রতিবেদন, কুয়ালালামপুর, ২৭ মার্চ:** বৃহস্পতিবার কুয়ালালামপুরের এএফসি হাউসে অনুষ্ঠিত হয়েছে এশিয়ান কাপের ড্র। ভারতের সিনিয়র মহিলা দল 'এএফসি মহিলা এশিয়ান কাপ অস্ট্রেলিয়া' ২০২৬ বাছাইপর্বের গ্রুপ বি তে প্রতিদ্বন্দ্বিতা করবে। প্রতিযোগিতা শুরু হবে ২৩ জুন, চলবে ৫ জুলাই পর্যন্ত। আয়োজক থাইল্যান্ড।

গ্রুপ বি তে আছে ভারত, থাইল্যান্ড, মঙ্গোলিয়া, পূর্ব তিমুর, ইরাক। একক রাউন্ড-রবিন লিগ পদ্ধতিতে খেলা হবে। শুধুমাত্র গ্রুপ বিজয়ীরা যোগ্যতা অর্জন করবে। ফাইনাল ১-২৬ মার্চ, ২০২৬, অস্ট্রেলিয়ায়। শীর্ষ ৬টি দল ব্রাজিলে ২০২৭ সালে অনুষ্ঠিত ফিফা মহিলা বিশ্বকাপে স্থান পাবে।

# ল্যাথামের চোট, পাকিস্তানের বিরুদ্ধে একদিনের অধিনায়ক হচ্ছেন ব্রেসওয়েল

**নিজস্ব প্রতিবেদন, ওয়েলিংটন, ২৭ মার্চ:** আইপিএলে খেলছেন নিউজিল্যান্ডের নিয়মিত অধিনায়ক মিচেল স্যান্টনার। তার বদলে একদিনের ম্যাচে অধিনায়কত্ব করার কথা ছিল টম ল্যাথামের। কিন্তু চোটের কারণে তিনিও ছিটকে গেলেন। খেলতে পারবেন না পাকিস্তানের বিরুদ্ধে একদিনের ম্যাচ। বৃহস্পতিবার সকালে ক্রিকেট নিউজিল্যান্ড জানিয়েছেন , ব্ল্যাকক্যাপস ওয়ানডে উইকেটরক্ষক ব্যাটসম্যান ল্যাথাম ডান হাতের হাড়ে চিড় ধরায় পাকিস্তানের বিপক্ষে আসন্ন একদিনের সিরিজ থেকে ছিটকে গেছেন। ল্যাথামের জায়গায় অধিনায়কের দায়িত্ব পালন করবেন অলরাউন্ডার মাইকেল ব্রেসওয়েল। উল্লেখ্য, অলরাউন্ডার মাইকেল ব্রেসওয়েল ইতোমধ্যে টি-২০ সিরিজে নেতৃত্ব দিয়েছিলেন এবং তার নেতৃত্বে টি-২০ সিরিজ জিতেছে নিউজিল্যান্ড।

**OFFICE OF THE COUNCILLORS**
**BARUIPUR MUNICIPALITY**
Kulpi Road, Baruipur, South 24 Pgs
Kolkata 700144
**NOTICE**
**E-tender:** Online bids are invited by the undersigned from reputed Agency/Vendor/Contractor for (1) Estimate for Bituminous Pre-puja patch repairing work in different wards under Baruipur Municipality (2 nos Serial) vide **e-NIT - WBMAD/ULB/BM/NIT-21(e)/2024-25, last date: 11.04.2025 up to 9 AM.** Details information may be obtained during office hours 11 AM - 5 PM.
**Website: wbtenders.gov.in**
**Sd/-**
**Executive Officer,**
**Baruipur Municipality**

OFFICE OF THE
**BANNYESWAR GRAM PANCHAYAT**
**P.O- BANNYESWAR**
**DIST:- MURSHIDABAD**
**UNDER SAGARDIGHI**
**DEVELOPMENT BLOCK**
Tender are invalid through ofline Bid System under following. **1) NIT NO:- 23/Ban GP/2024-2025/15th CFC TIED, DATE:-26.03.2025.** The last date for submission of all tender is **02.04.2025 up to 2:00PM.** For details please visit office noticebord.
**Sd/-Prodhan**
**Bannyeswar Gram Panchayat.**

## আমার দেশ/আমার দুনিয়া

# লখনউয়ে সরকারি হোমে মৃত্যু চার শিশুর



**লখনউ, ২৭ মার্চ:** লখনউয়ের সরকারি হোমে চার শিশুর মৃত্যুকে ঘিরে হুলস্থুল পড়ে গিয়েছে। গুরুতর অসুস্থ হয়ে হাসপাতালে ভর্তি আরও ১৬ শিশু। অসুস্থ হয়ে পড়ায় মঙ্গলবার ওই হোমের ২০ শিশুকে হাসপাতালে ভর্তি করানো হয়েছিল। হাসপাতাল সূত্রে খবর, বৃহস্পতিবার চার জনের মৃত্যু হয়েছে। কী ভাবে শিশুরা অসুস্থ হয়ে পড়ল তা নিয়ে রহস্য বাড়ছে। তবে প্রাথমিকভাবে মনে করা হচ্ছে, খাবারে বিষক্রিয়ার কারণেই এই ঘটনা। কিন্তু কী ভাবে খাবারে বিষক্রিয়া হল তা জানতে তদন্ত শুরু হয়েছে। জেলাশাসক বিশাখ জি আইয়ার জানিয়েছেন, এই ঘটনার তদন্তের জন্য একটি কমিটি গঠন করা হয়েছে। জেলাশাসক আরও জানিয়েছেন, শিশুদের দেওয়া খাবারের নমুনা সংগ্রহ করা হয়েছে। সেগুলি পরীক্ষার জন্য ল্যাবে পাঠানো হয়েছে। রিপোর্ট এলে তবে স্পষ্ট হবে বিষক্রিয়ার কারণে মৃত্যু এবং অসুস্থ হওয়ার ঘটনা ঘটেছে, না কি নেপথ্যে অন্য কোনও কারণ রয়েছে। খবর পেয়ে স্বাস্থ্য দপ্তরের আধিকারিকরা লখনউয়ের ওই হোমে গিয়ে বিষয়টি খতিয়ে দেখছেন। স্বাস্থ্য দপ্তর সূত্রে জানানো হয়েছে, কোথাও গাফিলতি ছিল কি না তা দেখা হচ্ছে। যদি কোনও গাফিলতি ধরা পড়ে তা হলে উপযুক্ত ব্যবস্থা নেওয়া হবে।

**গুরুতর অসুস্থ ১৬ শিশু**

# এপ্রিলেই রেল মানচিত্রে জুড়ছে ভূস্বর্গ

**নয়াদিল্লি, ২৭ মার্চ:** অপেক্ষার অবসান। অবশেষে দেশের বাকি অংশের সঙ্গে রেলপথে জুড়তে চলেছে কাশ্মীর উপত্যকা। সব ঠিক থাকলে আগামী ১৯ এপ্রিল প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি, কাটরা থেকে শ্রীনগর পর্যন্ত রেলপথের সূচনা করবেন। কাটরা থেকে শ্রীনগর পর্যন্ত প্রথম ট্রেনটিই হতে চলেছে বিশেষ বন্দে ভারত এক্সপ্রেস।

রেল সূত্রের খবর, কাটরা থেকে শ্রীনগর রেলপথের উদ্বোধনের দিন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির সঙ্গে কাটরায় উপস্থিত থাকবেন রেলমন্ত্রী অশ্বিনী বৈষ্ণব, কাশ্মীরের মুখ্যমন্ত্রী ওমর আবদুল্লাও। ওই দিনই প্রধানমন্ত্রী কাটরায় একটি জনসভা করবেন এবং বিশ্বের উচ্চতম রেল ও আর্চ সেতু চিনাব ব্রিজ পর্যবেক্ষণে যাবেন।

**চিত্তরঞ্জন লোকোমোটিভ ওয়ার্কস**
ই-টেন্ডার বিজ্ঞপ্তি
**টেন্ডার বিজ্ঞপ্তি নংঃ পিসিএমএম/সিএলডব্লু/এইচডব্লুএইচ/ই-প্রোকিওরমেন্ট/২৫/১৬, তারিখঃ** ২৫.০৩.২০২৫। ভারতের রাষ্ট্রপতির পক্ষ থেকে পিসিএমএম/সিএলডব্লু/হাওড়া নিম্নলিখিত সরবরাহের জন্য প্রতিষ্ঠিত নির্ভরযোগ্য প্রস্তুতকারকের থেকে ইলেকট্রনিক বিড আহ্বান করছেন। নিম্নলিখিত ই-টেন্ডার/গুলি ইলেকট্রিক লোকোমোটিভ তৈরি করার জন্য উপকরণ সরবরাহের উদ্দেশ্যে। সম্ভাব্য/উপযুক্ত এমন সরবরাহকারীদের বিস্তারিত নির্দেশাবলীর জন্য ওয়েবসাইট www.ireps.gov.in দেখার জন্য অনুরোধ করা হচ্ছে। এইগুলি ই-টেন্ডার কেবলমাত্র ইলেকট্রনিক অফার বিড গ্রহণ করা হবে। **ক্রম নং.; টেন্ডার নং; উপকরণের বিবরণ; পরিমাণ; ধার্য তারিখ; টেন্ডারের মূল্য** নিম্নরূপঃ- **[০৫২]; ১৪২৪৩০০৫এ; ১.** ড্র. নং. সিএলডব্লু/ইএস/৩/০১১৯/জি ও সিএলডব্লু/ইএস/৩/০১৫২/বি স্পেসিঃ সিএলডব্লু/ইএস/৩/০১১৯/জি ও সিএলডব্লু/ইএস/৩/০১৫২/বি অনুযায়ী সিএলডব্লু/চিত্তরঞ্জন-এর জন্য ডব্লুএজি-৯এইচসি লোকোর জন্য ছোট ফ্যাব্রিকেটেড আইটেম(এসএস)-২/ক্যাটাগরী-স্ট্রাকচারাল (সংযুক্ত সরবরাহের পরিধি অনুসারে)। **২.** স্পেসিঃ সিএলডব্লু/ইএস/৩/০১১৯/জি, সিএলডব্লু/ইএস/৩/০১৫২/বি অনুযায়ী ইএলএএইউ/ডানকুনি-এর জন্য ডব্লুএজি-৯এইচসি লোকো/ক্যাটাগরী-স্ট্রাকচারাল-এর জন্য ছোট ফ্যাব্রিকেটেড আইটেম (এসএস)-২ (সংযুক্ত সরবরাহের পরিধি অনুসারে) [মাত্রা সহনশীলতা (+/-) ৫%, আইটেম ক্যাটাগরিঃ সাধারণ, মোট পিও মান পরিবর্তন অনুমোদিত সর্বোচ্চ ৮ লাখ]; **টেন্ডার/নথি অনুযায়ী; ১২/০৪/২০২৫; ₹ ০.০০। [০৫৩]; ৩০২৫২৯৮২;** ১৯৭৮ সালের বিআইএস ৪৫৭৬ বা সর্বশেষ অনুযায়ী ইন্ডাস্ট্রিয়াল অ্যাপ্লিকেশন কমার্শিয়াল-এর জন্য লিক্যুইফায়েড পেট্রোলিয়াম গ্যাস (১৯ কেজির কমার্শিয়াল সিলিন্ডারে)। খালি সিলিন্ডার ফেরতযোগ্য। এইচএসএন- ২৭১১১৯০০। [মাত্রা সহনশীলতা (+/-) ৫%, আইটেম ক্যাটাগরিঃ সাধারণ, মোট পিও মান পরিবর্তন অনুমোদিতঃ সর্বোচ্চ ৮ লাখ]; **টেন্ডার/নথি অনুযায়ী;১৪/০৪/২০২৫; ₹ ০.০০। [০৫৪]; ২৫২৪৫০৭৯এ;** হুইল ফিটিং-এর সাথে বগি টেস্টের জন্য ভিভিভিএফ ড্রাইভ ৩-ফেজ এসি ট্র্যাকশন মোটর্স টেস্টিং প্ল্যান্টের ক্রয়, পরিমাণ ০১ টি, স্পেসিফিকেশন নং. এমটি/২৩২৮ তারিখ ১০/০২/২০২৫ অনুযায়ী, এইচএসএন কোড-৮৫০৪৪০১০; **টেন্ডার/নথি অনুযায়ী; ১৫/০৪/২০২৫;** ₹ ০.০০। **[০৫৫]; ২১২৪২৮১৪এ;** রোলড চ্যানেল ৭৫ মিমি X ৪০ মিমি X ৪.৮ মিমি পুরু X ৫০০০ মিমি লম্বা স্পেসিঃ আইএসঃ২০৬২ ২০১১ জিআর ই-২৫০ সিইউ কোয়ালিটি-সী কিলড নর্মালাইজড। [মাত্রা সহনশীলতা (+/-) ৫%, আইটেম ক্যাটাগরিঃ সাধারণ, মোট পিও মান পরিবর্তন অনুমোদিত সর্বোচ্চ ৮ লাখ]; **টেন্ডার/নথি অনুযায়ী; ২১/০৪/২০২৫; ₹ ০.০০।**
PR5/869 পিসিএমএম/সিএলডব্লু/হাওড়া
Like us on: www.facebook.com/clwrailways

**দক্ষিণ পূর্ব রেলওয়ে - টেন্ডার**
ই-টেন্ডার সংখ্যা ঃ কেবিএসইআর/জিআরসি/ইঞ্জি./ডব্লুটি-০৬ (ওপেন), তারিখ ঃ ২৬.০৩.২০২৫। ভারতের রাষ্ট্রপতির তরফে চিফ ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ার (প্রজেক্ট), দক্ষিণ পূর্ব রেলওয়ে, গার্ডেনরীচ, কলকাতা-৭০০০৪৩ নিম্নলিখিত কাজের জন্য ই-টেন্ডার আহ্বান করছেন। **অবস্থান সহ কাজের বিবরণঃ** ৩০০০ এমটি লোডিং লক্ষমাত্রা পূরণের জন্য দক্ষিণ পূর্ব রেলওয়ের খড়গপুর ডিভিসনে খড়গপুর-ভদ্রক সেকশনের ইলেক্ট্রিক ট্যাকশন সিস্টেম ১x২৫ কেভি থেকে ২x২৫ কেভি-তে মানোন্নয়নের উদ্দেশ্যে খড়গপুর-ভদ্রক-এর অধিক্ষেত্রে কম্পাউন্ড ওয়াল, ড্রেন, আরসিসি রোড ইত্যাদির মতো অন্যান্য আনুষঙ্গিক কাজ সহ সোরো-তে ০২ ইউনিট টাইপ-IV, ০৮ ইউনিট টাইপ-III ও ১২ ইউনিট টাইপ-II স্টাফ কোয়ার্টার এবং বেলদা-তে ০২ ইউনিট টাইপ-IV স্টাফ কোয়ার্টার নির্মাণের জন্য ওপেন ই-টেন্ডার। **কাজের আনুমানিক ব্যয় ঃ** ১১,৭৭,০০,৮৩৩.২৪ টাকা। **বায়না মূল্য ঃ** ৭,৩৮,৫০০ টাকা। **কাজ সম্পাদনের সময়সীমাঃ** ১৮ (আঠারো) মাস। **বন্ধের তারিখ ও সময়ঃ** আইআরইপিএস পোর্টাল ব্যবহারের মাধ্যমে ২১.০৪.২০২৫ তারিখ দুপুর ৩টা পর্যন্ত অনলাইনে ই-টেন্ডার গৃহীত হবে। **ওয়েবসাইটের বিবরণ ও নোটিশ বোর্ডের অবস্থানঃ** www.ireps.gov.in এবং চিফ ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ার (প্রজেক্ট)/দক্ষিণ পূর্ব রেলওয়ে/গার্ডেনরীচ (ইঞ্জি.)-র অফিস। কোন সংশোধনী থাকলে তা আইআরইপিএস পোর্টাল www.ireps.gov.in-এ বিড শুরুর আগে অর্থাৎ ০৬.০৪.২০২৫ তারিখ **পর্যন্ত** দেখা যাবে। (PR-1279)

# ভিসা সংক্রান্ত জালিয়াতির অভিযোগ, বাতিল বহু ভারতীয় আবেদন

**ওয়াশিংটন, ২৭ মার্চ:** মানুষের বদলে ভিসার আবেদন করেছিল স্বয়ংচালিত রোবট। এমনই অদ্ভুত অভিযোগে প্রায় দু'হাজার ভারতীয়ের ভিসার আবেদন বাতিল করল ভারতে অবস্থিত মার্কিন দূতাবাস। মার্কিন দূতাবাসের দাবি, ওই অ্যাকাউন্টগুলি সময়সূচি নীতি লঙ্ঘন করেছে। এর পরেই সংশ্লিষ্ট অ্যাকাউন্টগুলি সাময়িক ভাবে বন্ধ করে দেওয়া হয়েছে।

বৃহস্পতিবার ভারতে অবস্থিত মার্কিন দূতাবাস সমাজমাধ্যমে বিবৃতি দিয়ে বিষয়টি জানিয়েছে। বিবৃতিতে বলা হয়েছে, ভারতে ভিসা সংক্রান্ত একাধিক জালিয়াতিমূলক কার্যকলাপ ধরা পড়েছে। এই ধরনের আবেদনগুলির নেপথ্যে থাকা অ্যাকাউন্টগুলি চিহ্নিত করে বন্ধ করে দেওয়া হয়েছে। দূতাবাসের তরফে কড়া বার্তা দিয়ে জানানো হয়েছে, জালিয়াতি রেয়াত করা হবে না। যারা সময়সূচি নীতি লঙ্ঘন করবে, তাদের বিরুদ্ধে কড়া ব্যবস্থা নেওয়া হবে।

আমেরিকায় ব্যবসায়িক প্রয়োজনে যাওয়ার ক্ষেত্রে বি১ ভিসা প্রয়োজন হয়। ঘুরতে যাওয়ার জন্য লাগে বি২ ভিসা। পরিবারের সদস্য কিংবা কোনও বন্ধুর সঙ্গে দেখা করতে কিংবা চিকিৎসার প্রয়োজনে আমেরিকা যেতে গেলেও বি২ ভিসারই দরকার হয়। অথচ সম্প্রতি দুই ভিসার অনুমোদন দেওয়ার ক্ষেত্রেই কড়াকড়ি বেড়েছে। ভিসার আবেদনের নিয়মেও আনা হয়েছে কড়াকড়ি। আমেরিকার ভিসা নবীকরণ করাতে গেলে এখন থেকে ভারতীয়দের আরও বেশি সময় অপেক্ষা করতে হবে বলে গত মাসেই জানিয়ে দেওয়া হয়েছে। পাশাপাশি, আরও জটিল হয়েছে ভিসা নবীকরণের জন্য আমেরিকার দূতাবাস, উপদূতাবাসে গিয়ে ইন্টারভিউয়ের প্রক্রিয়া।



দ্বিতীয় বার ক্ষমতায় আসার পর থেকেই ভিসা জালিয়াতি এবং বেআইনি অভিবাসনের বিরুদ্ধেও কঠোর পদক্ষেপ করা শুরু করেছে মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের প্রশাসন। গত দু'মাসে তিন দফায় কয়েকশো ভারতীয় অভিবাসীকে ফেরত পাঠিয়েছে মার্কিন দূতাবাস।

প্রসঙ্গত, গত ২৭ ফেব্রুয়ারি মার্কিন দূতাবাসের দায়ের করা একটি অভিযোগের ভিত্তিতে গত সপ্তাহেই ভিসা এবং পাসপোর্ট জালিয়াতিকাণ্ডে তদন্ত শুরু করেছিল দিল্লি পুলিশ। তার প্রায় এক সপ্তাহের মাথায় নিজেই পদক্ষেপ করল দূতাবাস। সম্প্রতি ভুয়ো তথ্য দিয়ে ভিসার আবেদনের একাধিক ঘটনা প্রকাশ্যে আসে। তদন্তে নেমে ওই ঘটনায় জড়িত ৩১ জনেরও বেশি অভিযুক্তের বিরুদ্ধে মামলা দায়ের করে দিল্লি পুলিশ। অভিযুক্তদের মধ্যে রয়েছেন এজেন্টরাও। এই জাল নথিপত্রগুলি বানানোর জন্য অভিযুক্তেরা আবেদনকারীদের কাছ থেকে ১৫ লক্ষ টাকা পর্যন্ত আদায় করেছিলেন বলে অভিযোগ। ঘটনায় ভারতীয় ন্যায় সংহিতার ৩১৮, ৩৩৬, ৩৪০ ধারা এবং তথ্যপ্রযুক্তি আইনের ৬৬ (ডি) ধারার অধীনে মামলা দায়ের করে শুরু হয়েছে তদন্ত।

OFFICE OF THE
**MUKUNDABAGH GRAM PANCHAYAT**
**UNDER MURSHIDABAD-JIAGANJ DEV BLOCK MUKUNDABAGH, AZIMGANJ, MURSHIDABAD, PIN-74302**
**e-mail: mukundabaghgp@gmail.com**
**NOTICE INVITING e-Tender**
e-Tender are invited through online Bid System under Following Tender **(NIeT) No: 06/MGP/15th FC/2024-25** Dated: **25-03-2025**. The last date for online submission of tender is **03-04-2025 (Thursday) up to 14:00 Hours.** For details please visit website https://wbtenders.gov.in
**Sd/- Jayanti Mahato**
**(Prodhan, Mukundabagh GP)**

Printed and Published by **Krishnanand Singh** on behalf of **Narsingha Broadcasting Pvt. Ltd.** Printed at **LS.Publication, 4, Canal West Road, Kolkata 700015** and Published at **1, Old Court House Corner, 3rd Floor, Room no. 306(S), Tobacco House, Kolkata- 700001** **RNI No. WBBEN/2006/17404,** Phone: 033-4001 9663 email# dailyekdin1@gmail.com **Editor: Santosh Kumar Singh**

**নরসিংহ ব্রডকাস্টিং প্রাইভেট লিমিটেড**-এর পক্ষে **কৃষ্ণানন্দ সিং** কর্তৃক ১, ওল্ড কোর্ট হাউস কর্ণার, ৪র্থ তল, রুম নম্বর ৩০৬ (এস), টোবাকো হাউস, কলকাতা-৭০০০০১ থেকে প্রকাশিত ও এলএস পাবলিকেশনস প্রাইভেট লিমিটেড, ৪ ক্যানাল ওয়েস্ট রোড, কলকাতা-৭০০০১৫ থেকে মুদ্রিত।
**RNI No. WBBEN/2006/17404,** ফোন-০৩৩-৪০০১ ৯৬৬৩, ইমেল dailyekdin1@gmail.com **সম্পাদক- সন্তোষ কুমার সিং**